

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২০১.১১(অংশ).

তারিখ : ১৪ ফাল্গুন ১৪২৩
২৬ ফেব্রুয়ারি, ২০১৭

প্রাপক,

চেয়ারম্যান
পেট্রোবাংলা, ঢাকা।

বিষয়: অস্ট্রেলিয়া সফরের অনুমতি।

মহোদয়,

“তিতাস গ্যাস ফিল্ডে গ্যাস উদগীরণ নিয়ন্ত্রণ এবং এ ফিল্ডের মূল্যায়ন ও উন্নয়ন” শীর্ষক প্রকল্পের আওতায় Training and Technology Transfer Ltd কর্তৃক আয়োজিত অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিতব্য নিম্নবর্ণিত ০২ (দুই)টি বৈদেশিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য প্লাম্বার্স বর্ণিত ০৪ (চার) জন কর্মকর্তাকে আগামী ২২-০৩-২০১৭ হতে ২০-০৪-২০১৭ তারিখ পর্যন্ত অথবা প্রকৃত যাত্রার তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন (যাতায়াত সময় ব্যতীত) অস্ট্রেলিয়া সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলো:-


ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবি	কোম্পানি
(vi) Production & Process Engineering		
১।	জনাব কার্তিক চন্দ্র ঘোষ, উপ-মহাব্যবস্থাপক	বিজিএফসিএল।
২।	জনাব মোঃ জাহিদ হোসেন চুন্নু, ব্যবস্থাপক	বিজিএফসিএল।
(viii) Petroleum Project Planning & Management		
৩।	জনাব মোঃ আজমল হক, উপ-মহাব্যবস্থাপক	বিজিএফসিএল।
৪।	জনাব মোঃ আমান উল্লাহ বাহার, উপ-মহাব্যবস্থাপক	বিজিএফসিএল।

২। এ সফরের শর্তাবলী নিম্নরূপ :-

- তাদের যাতায়াতসহ সফরের সম্পূর্ণ সময় কর্মকাল (on duty) হিসেবে গণ্য হবে;
- অনুমোদিত বিদেশে অবস্থানের মেয়াদ বাড়ানো যাবে না;
- বর্ণিত সফরকালীন তাঁদের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- চুক্তি অনুযায়ী আলোচ্য (দুই)টি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য বিজিএফসিএল এর উল্লিখিত ০৪ (চার) জন কর্মকর্তার যাবতীয় ব্যয়ভার ডিপিপি'তে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে;এবং
- সফর শেষে কাজে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এতদ্বিষয়ে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

আপনার বিশ্বস্ত,



(মোঃ শহিদুল ইসলাম)
উপ-সচিব
ফোন : ৯৫১৪১৬৫।

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২০১.১১(অংশ). ৩০৭

তারিখ : ১৪ ফাল্গুন, ১৪২৩
২৬ ফেব্রুয়ারি, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোটি ভারবাল জারির অনুরোধসহ)।
- ২। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশস্থ অস্ট্রেলিয়া হাইকমিশন, ঢাকা।
- ৪। অস্ট্রেলিয়াস্থ বাংলাদেশ হাইকমিশন।
- ৬। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল।
- ৯। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১০। জনাব.....
- ১১। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১২। আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১৩। অফিস কপি।


(মোঃ শহিদুল ইসলাম)
উপ-সচিব